

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুক্রাচার শাখা
www.cabinet.gov.bd

১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

তারিখ:-----

২৯ মে ২০১৯

পরিপত্র

বিষয়: ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত।

সরকার ২০১২ সালে ‘সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুক্রাচার কৌশল’ শিরোনামে জাতীয় শুক্রাচার কৌশল প্রণয়ন করেছে। ২০১৯-২০২০ অর্থ-বছরে জাতীয় শুক্রাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য পৃথক ৩ (তিনি) ধরনের জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রতীত নির্দেশিকাসমূহে জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি ও প্রমাণকসমূহ এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি অন্তর্ভুক্ত রয়েছে। এ নির্দেশিকা অনুসরণে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০১৯-২০২০ অর্থ-বছরে তাদের স্ব স্ব জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রস্তুত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ ইইসঙ্গে সংযুক্ত করা হল। সংযুক্ত নির্দেশিকা অনুসরণে আগামী ১৭ জুন ২০১৯ তারিখের মধ্যে ২০১৯-২০২০ অর্থ-বছরের জন্য জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশনা প্রদানের অনুরোধ করা হল। একইসঙ্গে তাঁর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ-কে আগামী ২৫ জুন ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এবং আগামী ৩০ জুন ২০১৯ তারিখে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ-কে তাদের দপ্তর/সংস্থায় খসড়া কর্ম-পরিকল্পনা প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ করা হল।

৩। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান-কে আগামী ৩ জুলাই ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে, আওতাধীন দপ্তর/সংস্থা-কে আগামী ১০ জুলাই ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়-কে আগামী ১৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে তাদের স্ব স্ব দপ্তর/সংস্থায় চূড়ান্ত কর্ম-পরিকল্পনা প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ করা হল।

৪। উল্লেখ্য, জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০-এর সফট্কপি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd)-এ আপলোড করা হয়েছে।

সংযুক্তি: বর্ণনামতে।

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী
২৭/১০২/১৯

(মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৫৪৯

ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

৩। প্রিসিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা মন্ত্রণালয়/বিভাগ

৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যূরো, মৎস্যভবন, রমনা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। প্রোগ্রামার (আইসিটি সেল), মন্ত্রিপরিষদ বিভাগ (জাতীয় শুক্রাচার কর্ম-পরিকল্পনা ও নির্দেশিকা ২০১৯-২০২০ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)

৪। অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।